

রাজশাহী বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি নং- ১৫/২০১৯

তারিখ : ১৪-০৭-২০১৯

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে নিম্নলিখিত পদসমূহ পূরনের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- (১) উপ-প্রধান চিকিৎসক, বেতনক্রম: ৫০,০০০-৭১,২০০/- ও প্রচলিত ভাতাদি - ০১ টি (স্থায়ী)।
- (২) ইমার্জেন্সী মেডিকেল অফিসার, বেতনক্রম: ২৩,০০০-৫৫,৪৭০/- ও প্রচলিত ভাতাদি - ০৩ টি (স্থায়ী)।
- (৩) স্টাফ নার্স, বেতনক্রম: ১৬,০০০-৩৮,৬৪০/- ও প্রচলিত ভাতাদি - ০৩ টি (স্থায়ী)।

উপর্যুক্ত প্রতিটি পদের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, আবেদন-ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের Website-এ পাওয়া যাবে। আগামী ০৪-০৮-২০১৯ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে Online পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(বিঃদ্র:- আবেদনকারী নিজে অথবা তাঁর পক্ষে যে-কোন মাধ্যমে তদবির করলে প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবে এবং তাঁর আবেদনপত্র সরাসরি বাতিল যোগ্য)।

ক) উপ-প্রধান চিকিৎসক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা :


- i) প্রার্থীকে অবশ্যই মেডিকেল গ্রাজুয়েট (এম.বি.বি.এস) পাশ হতে হবে।
- ii) রেজিস্ট্রার্ড গ্রাজুয়েট মেডিকেল প্রাকটিশনার হিসেবে ১২ বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত ডাক্তারদের ক্ষেত্রে ইহা শিথিলযোগ্য। অথবা, এফসিপিএস (মেডিসিন/সার্জারী) পাশ হতে হবে। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে বাসা বরাদ্দ সম্ভব হলে বিশ্ববিদ্যালয় চত্বরে অবশ্যই বসবাস করতে হবে।

খ) ইমার্জেন্সী মেডিকেল অফিসার পদের যোগ্যতা ও অভিজ্ঞতা :

- i) প্রার্থীকে এম.বি.বি.এস পাশ হতে হবে।
- ii) ০১ (এক) বছরের পূর্ণকালীন রেসিডেন্সিয়াল ইন্টার্নশীপ ট্রেনিং থাকতে হবে।
- iii) হালনাগাদ বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে।
- iv) ইমার্জেন্সী ম্যানেজমেন্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- iii) প্রার্থীর বয়সসীমা অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর। উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) স্টাফ নার্স পদের যোগ্যতা ও অভিজ্ঞতা :

- i) প্রার্থীকে মাধ্যমিক পাশসহ সরকার অনুমোদিত সেবা প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে ০৩ (তিন) বছরের ডিপ্লোমা পাশ হতে হবে এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিলের হাল-নাগাদ রেজিস্ট্রেশন থাকতে হবে। বি.এসসি (নার্সিং) পাশ করা প্রার্থী অগ্রাধিকার পাবে।
- ii) প্রার্থীকে ০১ (এক) বছরের মিডওয়াইফারী পাশ হতে হবে।
- iii) প্রার্থীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর। উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

  
(প্রফেসর এম.এ. বারী)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
রাজশাহী বিশ্ববিদ্যালয়